



UK Health  
Security  
Agency

NHS

# গর্ভবতী হতে পারেন এমন মহিলারা, যারা গর্ভবতী বা যারা শিশুকে বুকের দুধ খাওয়াচ্ছেন তাদের জন্য নির্দেশনা



করোনাভাইরাস-এর টিকাটি নিরাপদ কিনা তা নিশ্চিত করতে প্রচুর পরীক্ষা করা হয়েছে।



আপনি যদি গর্ভবতী হয়ে থাকেন তাহলে আপনার নিজের ও আপনার শিশুর সুরক্ষার জন্য করোনাভাইরাস টিকার দুইটি ডোজই নেওয়া উচিত। টিকা গ্রহণের ফলে আপনি বা আপনার অনাগত সন্তান করোনাভাইরাসের সংক্রমণ বয়ে আনবেন না।



করোনাভাইরাস-এর টিকা দুইবারে দেওয়া হয়। গর্ভবতী হওয়ার পূর্বে আপনি যদি টিকার প্রথম ডোজ নিয়ে থাকেন তাহলে আপনি দ্বিতীয় ডোজটি নিতে পারেন যদি কিনা প্রথম ডোজটি গ্রহণের পর আপনার মারাত্মক কোনো পার্শ্বপ্রতিক্রিয়া না হয়ে থাকে।



গর্ভবতী মায়েদের জন্য করোনাভাইরাসের টিকা হিসাবে ফাইজার এবং মডার্নার টিকা পছন্দনীয়। আপনি যদি টিকার প্রথম ডোজ হিসাবে এস্ট্রোজেনিকা নিয়ে থাকেন তাহলে দ্বিতীয় ডোজের জন্যও এটি নিতে পারেন, তবে রক্ত জমাট বাধার বিষয়টি নিয়ে প্রথমে আপনি আপনার ডাক্তার বা নার্সের সাথে কথা বলুন।



আপনার এবং আপনার শিশুর জন্য  
বুকের দুধ খাওয়ানো সত্যিই ভাল।



জয়েন্ট কমিটি অব ভ্যাক্সিনেশন  
অ্যান্ড ইমিউনাইজেশন (জেসিভিআই)  
এর বিশেষজ্ঞরা বলছেন বাচ্চাকে  
বুকের দুধ খাওয়ানোর সময়ে আপনি  
টিকা নিতে পারবেন।

ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন  
(ডব্লিওএইচও) ও একমত যে বুকের  
দুধ খাওয়াচ্ছেন এমন মহিলা টিকা  
নিতে পারবেন।



আপনার শিশুর জন্মের পর আপনার  
উচিত যত শীঘ্রই সম্ভব টিকা নেওয়া।



টিকা গ্রহণের পর গর্ভবতী হওয়া  
আপনার জন্য নিরাপদ।



টিকাদান, সবচেয়ে দুর্বলদের রক্ষা করতে সহায়তা করে।

© ক্রাউন কপিরাইট 2021 পণ্যের কোড: COV2021374V4ERBEN Bengali 1p 5 K AUG 2021 (APS). ইউকে হেলথ সিকিউরিটি অ্যাজেন্সি 2021522

এই লিফলেটগুলোর অন্যান্য সংস্করণগুলো ব্রেইল, বিএসএলে পাওয়া যায়, অন্যান্য অনেক ভাষায় অনুদিত হয়েছে। অর্ডার দিতে বা ডাউনলোড করতে অনুগ্রহ করে হেলথ পাবলিকেশনগুলো দেখুন: [www.healthpublications.gov.uk](http://www.healthpublications.gov.uk)